

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সাক্ষাতের সৌভাগ্য লাভ করলো মজলিস খোদামুল আহমদীয়া নাইজেরিয়া



হুযূর আকদাসের সঙ্গে মজলিস খোদামুল আহমদীয়ার ন্যাশনাল আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ)-এর আনুষ্ঠানিক সভা

৭ মার্চ ২০২১ মজলিস খোদামুল আহমদীয়া (১৫-৪০ বছর বয়সী আহমদী তরুণ-যুবকদের অঙ্গ-সংগঠন) নাইজেরিয়ার ন্যাশনাল মজলিস-এ-আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ) এবং রিজিওনাল কয়েদদের (আঞ্চলিক নেতৃবৃন্দের) সঙ্গে এক ভার্চুয়াল (অনলাইন) সভা করেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)।





হুযূর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে এ সভার সভাপতিত্ব করেন, আর ন্যাশনাল আমেলা সদস্যগণ নাইজেরিয়ার লাগোসের ওজোকোরো-তে অবস্থিত লাজনা হল থেকে ভার্চুয়ালি যোগদান করেন।

৪০ মিনিটের এই সভায়, উপস্থিত সকলেই হুযূর আকদাসের সঙ্গে কথা বলার সুযোগ লাভ করেন আর ন্যাশনাল মজলিসে আমেলার সদস্যগণ নিজ নিজ বিভাগের রিপোর্ট পেশ করার এবং বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ পান।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আপনাদের সকল মোহতামীমের (ন্যাশনাল সেক্রেটারিগণ) মজলিস খোদামুল আহমদীয়ার গঠনতন্ত্র অধ্যয়ন করা উচিত এবং তাদের দায়িত্বগুলো কী কী সেটা দেখা উচিত। অতঃপর, গঠনতন্ত্র অনুসারে আপনাদের পরিকল্পনা প্রণয়ন করা উচিত। আপনাদের পরবর্তী আমেলা সভায় আপনাদেরকে অবশ্যই বিশ্লেষণ করতে হবে যে, আপনাদের কাজে কী কী ব্যর্থতা রয়েছে এবং কোথায় কোথায় আপনাদেরকে উন্নতির জন্য প্রচেষ্টা চালাতে হবে। তাই দেশব্যাপী একটি পরিকল্পনা তৈরি করুন এবং তারপর আপনার লক্ষ্যসমূহ অর্জনের জন্য কঠোর পরিশ্রম করুন।”

